[redacted]

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

পরীক্ষা বিভাগ
EXAMINATION DIVISION

এমবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামের পরীক্ষা পরিচালনা নীতিমালা

১। চিফ ইনভিজিলেটরের দায়িত্ব ও কর্তব্য :

প্রতিটি পরীক্ষা কেন্দ্রে সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনার জন্য একজন চিফ ইনভিজিলেটর থাকবেন। তিনি তাঁর কেন্দ্রে সুষ্ঠভাবে পরীক্ষা অনুষ্ঠানের জন্য নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করবেন :

ক) চিফ ইনভিজিলেটর সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের সার্বিক দায়িত্বে নিয়োজিত থাকবেন। তিনি পরীক্ষা নিয়ন্ত্রক, আঞ্চলিক পরিচালকসহ সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগ রক্ষা করে সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন ;

খ) তিনি পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে পরীক্ষার জন্য প্রেরিত প্রয়োজনীয় প্রশ্নপত্র, উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য কাগজপত্র ও দ্রব্যাদি গ্রহণ করবেন এবং নিজ দায়িত্বে উল্লিখিত দ্রব্যাদি নিরাপদ হেফাজতে সংরক্ষণ করবেন ;

গ) চিফ ইনভিজিলেটর তাঁর কেন্দ্রের শিক্ষার্থী সংখ্যানুপাতে (বাউবি'র নিয়ম অনুযায়ী) কক্ষ পরিদর্শক নিয়োগ করবেন। টিউটরদের মধ্য থেকে কক্ষ পরিদর্শক (ইনভিজিলেটর) নিয়োগ করতে হবে। যেদিন যে বিষয়ের পরীক্ষা সেদিন ঐ বিষয়ের কোনো শিক্ষক/টিউটরকে পরীক্ষা কেন্দ্রের কোনো দায়িত্ব প্রদান করা যাবে না;

ঘ) তিনি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠান সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য নির্ধারিত কেন্দ্র ফি সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র থেকে গ্রহণ করবেন। গৃহীত কেন্দ্র ফি নির্দেশনা মোতাবেক যথাযথভাবে বণ্টন করবেন এবং ব্যয়ের হিসাব সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালক বরাবর দাখিল করবেন। তিনি এই ব্যয়ের একটি হিসাব সংরক্ষণ করবেন এবং পরীক্ষা শেষে তা পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট দাখিল করবেন।

২। পরীক্ষা কক্ষের ব্যবস্থাপনা

ক) পরীক্ষা কেন্দ্রে পাশাপাশি বা নিকটবর্তী কক্ষ/কক্ষসমূহে পরীক্ষা গ্রহণ করতে হবে। তবে বিশেষ প্রয়োজনে পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমোদন সাপেক্ষে নিকটতম কোন শিক্ষা প্রতিষ্ঠানের কক্ষে বা কোন পাবলিক হলে সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের অধীনে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করতে পারবেন;

খ) পরীক্ষা শুরু হওয়ার আগেই চিফ ইনভিজিলেটর পরীক্ষা কক্ষে আসন বন্টনের যাবতীয় ব্যবস্থা সম্পন্ন করবেন। আসনগুলো এমনভাবে একমুখি করে দিতে হবে যাতে পরীক্ষার্থীদের মধ্যে যথেষ্ট দূরত্ব থাকে এবং একে অন্যের উত্তরপত্র দেখার বা একে অন্যের সাথে কথা বলার সুযোগ না পায়। প্রমাণ সাইজের প্রতি বেঞ্চে দুইজন ও ছোট বেঞ্চে একজন করে পরীক্ষার্থীর আসন ব্যবস্থা করতে হবে;

গ) পরীক্ষার্থীদের শিক্ষার্থী নম্বর অনুযায়ী আসন বণ্টন করে পরীক্ষার সময়সূচিসহ পরীক্ষা কক্ষের আসন বন্টনের তালিকা পরীক্ষার্থীদের দেখার জন্য সুবিধাজনক স্থানে পরীক্ষা শুরু হওয়ার পূর্বে টানিয়ে দিতে হবে ;

ঘ) কোনো অসুস্থ, প্রতিবন্ধী, গর্ভবতী ও প্রসূতি পরীক্ষার্থীর পক্ষে তার জন্য নির্ধারিত আসনে বসে পরীক্ষা দেয়া সম্ভব না হলে চিফ ইনভিজিলেটর তার জন্য একই হলের মধ্যে বিশেষ আসনের ব্যবস্থা করবেন;

ঙ) পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট আগে পরীক্ষা কক্ষের দরজা খুলে দিতে হবে। প্রতিদিন পরীক্ষা শুরুর ১৫ মিনিট আগে সর্তক ঘন্টা বাজাতে হবে এবং এই ঘন্টা দেওয়ার পূর্বেই পরীক্ষার্থীদেরকে নিজ নিজ আসন গ্রহণ করতে হবে;

চ) প্রথম সতর্ক ঘন্টা দেয়ার পর পরিদর্শকগণ পরীক্ষা কক্ষে প্রবেশ করবেন। পরীক্ষা শুরু হবার ৫ মিনিট আগে আরো একটি সতর্ক ঘন্টা দিতে হবে। এ সময় পরিদর্শকগণ পরীক্ষার্থীদের মধ্যে কভার পৃষ্ঠা পূরণের জন্য উত্তরপত্র বিতরণ করবেন;

ছ) পরীক্ষা শুরুর সময়ে একটি চূড়ান্ত ঘন্টা দিতে হবে এবং এই ঘন্টার সাথে সাথে কক্ষ পরিদর্শকগণ পরীক্ষার্থীদের প্রশ্নপত্র সরবরাহ করবেন;

জ) অনুরূপভাবে পরীক্ষা শেষ হওয়ার ১৫ মিনিট আগে ও ৫ মিনিট আগে সর্তকর্তামূলক ঘন্টা ও শেষ হওয়ার সময় চূড়ান্ত ঘন্টা বাজাতে হবে। পরীক্ষা চলাকালীন সময়ে এক ঘন্টার জন্য একটি, দুই ঘন্টার জন্য দুটি এবং তিন ঘন্টার জন্য তিনটি- এইভাবে সর্তক ঘন্টা দিতে হবে;

ঝ) পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পরে আগত কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশের অনুমতি দেয়া যাবে না;

ঞ) আসন বিন্যাসের একটি কপি পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর প্রেরণ করতে হবে।

৩। ইনভিজিলেটর বা কক্ষ পরিদর্শকের দায়িত্ব ও কর্তব্য

ক) কক্ষ পরিদর্শকগণ পরীক্ষার্থীদের নিকট উত্তরপত্র ও প্রশ্নপত্র সরবরাহ ও গ্রহণ, পরীক্ষার্থীদের হাজিরাশিটে স্বাক্ষর গ্রহণ, উত্তরপত্রের যথাস্থানে স্বাক্ষরদান এবং পরীক্ষা কক্ষে সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের জন্য দায়বদ্ধ থাকবেন;

খ) একজন কক্ষ পরিদর্শক অনুর্ধ্ব ২৫ জন পরীক্ষার্থীর দায়িত্বে থাকবেন, তবে কোন কক্ষেই দু'জনের কম পরিদর্শক নিয়োগ দেয়া যাবে না। পরীক্ষা চলাকালে কোন কক্ষ পরিদর্শকই চিফ ইনভিজিলেটরের পূর্ব অনুমতি ছাড়া নিজ দায়িত্বে কক্ষ ত্যাগ করে অন্য কোথাও যেতে পারবেন না;

গ) কক্ষ পরিদর্শকগণ পরীক্ষা কক্ষে পরীক্ষার্থীদের আচরণের দিকে সর্তক দৃষ্টি রাখবেন যেন তারা কোনভাবেই বাইরে যোগাযোগ না পারেন;

ঘ) প্রত্যেক পরীক্ষার্থী তাদের উত্তরপত্রের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় তথ্যাবলী নির্ভুলভাবে লিখেছেন কিনা তা শিক্ষার্থী কার্ডের সাথে মিলিয়ে কক্ষ পরিদর্শক যাচাই করে দেখবেন এবং সম্পূর্ণ নিশ্চিত হওয়ার পর উত্তরপত্রের নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করবেন। **কোন শিক্ষার্থীর উত্তরপত্রের কভার পৃষ্ঠা পূরণে যে কোন ভুলের জন্য কক্ষ পরিদর্শক দায়ী থাকবেন** । পরীক্ষার্থী যাতে উত্তরপত্র সঠিকভাবে যথানিয়মে ব্যবহার করেন এবং অকারণে উত্তরপত্রের কোন পৃষ্ঠা যাতে নষ্ট না করেন সে বিষয়ে কক্ষ পরিদর্শক সর্তক দৃষ্টি রাখবেন;

ঙ) **কক্ষ পরিদর্শক নিজ দায়িত্বে পরীক্ষার্থীদের হাজিরাপত্রে স্বাক্ষর নেবেন এবং অনুপস্থিত পরীক্ষার্থীর ক্ষেত্রে অবশ্যই লালকালিতে বড় হরফে 'A' লিখে দিবেন;**

চ) কোন পরীক্ষার্থী অতিরিক্ত উত্তরপত্র নিলে কভার পৃষ্ঠায় সঠিক তথ্যাদি যথাযথভাবে পূরণ করে মূল উত্তরপত্রের সাথে সংযুক্ত হয়েছে কিনা তা কক্ষ পরিদর্শক নিশ্চিত করবেন;

ছ) পরীক্ষা শেষে কক্ষ পরিদর্শক নিজ দায়িত্বে ন্যস্ত পরীক্ষার্থীদের উত্তরপত্র সংগ্রহ করবেন এবং উত্তরপত্রসমূহ হাজিরাপত্রের সাথে মিলিয়ে চিফ ইনভিজিলেটরের নিকট হস্তান্তর করবেন;

জ) উপরোক্ত দায়িত্ব যথাযথভাবে পালনের পর **কক্ষ পরিদর্শক শিক্ষার্থী হাজিরাশিটের নিচে নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করবেন**।

৪। পরীক্ষা কেন্দ্রের আইন শৃঙ্খলা ও নিরাপত্তা

ক) চিফ ইনভিজিলেটর স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ রক্ষা করে পরীক্ষা কেন্দ্রের আইন-শৃংখলা ও নিরাপত্তা নিশ্চিত করার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

খ) সংশ্লিষ্ট পরীক্ষার্থী, দায়িত্বপ্রাপ্ত পরিদর্শক, বিশেষ পরিদর্শক ও সংশ্লিষ্ট কর্মচারী ছাড়া অন্য কোন ব্যক্তি/ব্যক্তিবর্গ কোনোভাবে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে পারবেন না। তবে পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক অনুমোদিত ব্যক্তি বা ভিজিল্যান্স টিম পরীক্ষা কক্ষে প্রবেশ করতে পারবেন;

গ) পরীক্ষা চলাকালে কোন পরীক্ষার্থীর টেলিগ্রাম, ফ্যাক্স বা অন্য কোন জরুরি সংবাদ আসলে চিফ ইনভিজিলেটরের বিশেষ অনুমতি ছাড়া তা পরীক্ষার্থীকে সরবরাহ করা যাবে না;

ঘ) **ভিন্নরূপ কোন বিধান না থাকলে শিক্ষার্থী কার্ড, ফি প্রদানের রশিদ, পেন্সিল, কলম, সাধারণ ক্যালকুলেটর, স্কেল ও পেন্সিল কাটার ছাড়া অন্য কোন বইপত্র, খাতা, টুকরা কাগজ, হাতব্যাগ, খাবার, কোন প্রকার ছুরি/চাকু বা অন্য প্রকার অস্ত্র বা বিস্ফোরক দ্রব্যাদি সাথে নিয়ে কোন পরীক্ষার্থী পরীক্ষা কক্ষে প্রবেশ করতে পারবেন না ;**

ঙ) **শিক্ষার্থীদের জন্য পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন বহন ও ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ** (বন্ধ অবস্থাতেও সাথে রাখা যাবে না);

চ) কক্ষ পরিদর্শকের নিকট থেকে কোন বিষয় জানতে হলে পরীক্ষার্থী নিজ আসন থেকে উঠে দাঁড়াবেন এবং পরিদর্শক না আসা পর্যন্ত অপেক্ষা করবেন;

ছ) পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক কোন নির্দেশ প্রদান না করা হলে কক্ষ পরিদর্শক কোন অবস্থাতেই কোন প্রশ্নের ব্যাখ্যা প্রদান বা কোন প্রশ্নের ভুল সংশোধন করতে পারবেন না। তিনি কোন ক্রমেই কোন পরীক্ষার্থীকে কোন প্রশ্নের উত্তর সংকেতের মাধ্যমে প্রদান করতে পারবেন না;

জ) পরীক্ষা শেষে পরীক্ষার্থী তার উত্তরপত্র কক্ষ পরিদর্শকের নিকট বুঝিয়ে দেয়ার পরই কেবল পরীক্ষা কক্ষ চূড়ান্তভাবে ত্যাগ করতে পারবেন;

ঝ) কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ গ্রহণ করেছেন অথচ পরীক্ষা শেষে উত্তরপত্র জমা দেননি এরূপ কোন ঘটনা ঘটলে কক্ষ পরিদর্শক তা সাথে সাথে লিখিতভাবে চিফ ইনভিজিলেটরকে জানাবেন। এরূপ ক্ষেত্রে চিফ ইনভিজিলেটর বিষয়টি স্থানীয় প্রশসকে অবহিত করবেন এবং হারানো উত্তরপত্র উদ্ধারের চেষ্টা করবেন ও ঘটনাটি থানায় এজাহার করবেন এবং পরীক্ষা নিয়ন্ত্রককে তা লিখিতভাবে অবহিত করবেন;

ঞ) পরীক্ষা কেন্দ্রের পরিধির মধ্যে বা বাইরে পরীক্ষার সাথে সংশ্লিষ্ট বা পরীক্ষাকে প্রভাবিত করতে পারে এরূপ কোন শৃংখলা ভঙ্গকারী বা পরীক্ষার নিরাপত্তা বিঘ্নকারী ঘটনা ঘটলে চিফ ইনভিজিলেটর সাথে সাথে স্থানীয় প্রশাসনকে জনাবেন এবং উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন।

৫। পরীক্ষা সংক্রান্ত অপরাধ ও শাস্তিমূলক ব্যবস্থা

ক) পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও পরীক্ষা সংক্রান্ত যে কোন অপরাধের ধারা, প্রকৃতি ও শাস্তির ধরন ও মেয়াদ নির্ণয়ের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত 'পরীক্ষা সংক্রান্ত অপরাধ ও বিধি' প্রযোজ্য হবে;

খ) পরীক্ষা সংক্রান্ত যে কোন অপরাধের জন্য সংশ্লিষ্ট পরিদর্শক প্রযোজ্য ক্ষেত্রে উপযুক্ত প্রমাণসহ তাৎক্ষণিকভাবে চিফ ইনভিজিলেটরকে লিখিতভাবে অবহিত করবেন। চিফ ইনভিজিলেটর প্রাপ্ত রিপোর্ট ও প্রমাণের ভিত্তিতে তাৎক্ষণিকভাবে ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

গ) পরীক্ষার শৃংখলা ভঙ্গ, অসদুপায় অবলম্বন এবং/অথবা পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রকার অপরাধে অভিযুক্ত পরীক্ষার্থীর বিস্তারিত ও সুস্পষ্ট প্রতিবেদন প্রযোজ্য ক্ষেত্রে প্রমাণসহ বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর পাঠাতে হবে।

ঘ) বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত 'পরীক্ষা সংক্রান্ত অপরাধ ও শৃংখলা বিধি'তে যা কিছু উল্লেখ থাকুক না কেন নিম্নলিখিত বিষয়গুলো পরীক্ষা সংক্রান্ত অপরাধ হিসেবে গণ্য করা হবে এবং এই ধরনের অপরাধের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের শৃংখলা কমিটি তার বিবেচনায় উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে পারবেন:

i) পরীক্ষার উত্তরপত্রে কোনরূপ অপ্রাসঙ্গিক, অবাস্তব ও অশালীন কিছু লেখা বা অশালীন কোন চিত্র আঁকা;

ii) পরীক্ষা কক্ষে একে অপরের সাথে যোগাযোগ বা কথাবার্তা বলা বা আকার-ইঙ্গিত আদান প্রদান করা বা একে অন্যের উত্তরপত্র দেখা বা দেখানো;

iii) পরীক্ষা কক্ষে ধুমপান করা বা নেশা করা, পানি ছাড়া অন্য কোন প্রকার খাদ্য/পানীয় খাওয়া বা পান করা;

iv) পরীক্ষা কক্ষে পরিদর্শকের আদেশ/নির্দেশ অমান্য করা অথবা তাঁদেরকে উত্তরপত্র দেখতে বা উত্তরপত্রে সই করতে না দেওয়া;

v) দুষণীয় কাগজপত্র সাথে রাখা বা দুষণীয় কাগজপত্র থেকে নকল করা;

vi) ডেস্ক, বেঞ্চ, কাপড়, শরীরের অঙ্গ-প্রত্যঙ্গ, ব্ল্যাকবোর্ড, পরিধেয় কাপড়-চোপড়, রুমাল, দোয়াতের বক্স, শিক্ষার্থী কার্ড প্রভৃতিতে কিছু লিখে রাখা এবং/অথবা উক্ত লেখা থেকে নকল করা;

vii) নিজ উত্তরপত্রের শিক্ষার্থী নম্বর অন্যের উত্তরপত্রের শিক্ষার্থী নম্বরের সাথে পরিবর্তন করা বা নিজ উত্তরপত্রের সাথে বিনিময় করা;

viii) পরীক্ষা কক্ষে বা পরীক্ষা কক্ষের বাইরে পরীক্ষার কাজে নিয়োজিত পরিদর্শক/অন্য কোন ব্যক্তি সম্পর্কে কটুক্তি/গালাগাল করা/তার সাথে অশোভন আচরণ করা/তাকে হুমকি প্রদর্শন বা বল প্রয়োগ করা/তাকে লাঞ্ছিত করা বা লাঞ্ছিত করার চেষ্টা করা;

ix) সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানে বাধা-বিঘ্ন সৃষ্টি/অন্যকে পরীক্ষা গ্রহণে বাধা প্রদান/অন্য পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষ ত্যাগে উস্কানী দেয়া বা বাধ্য করা;

x) পরীক্ষার হল থেকে উত্তরপত্র/প্রশ্নপত্র বাইরে পাচার করা/বাইরে থেকে কাগজ এনে উত্তরপত্রে সংযোগ করা/উত্তরপত্রে দুই ধরনের হাতের লেখা থাকা;

xi) পরীক্ষা কক্ষে নির্দিষ্ট স্থানের পরিবর্তে অবৈধভাবে অন্যস্থানে আসন গ্রহণ করা;

xii) উত্তরপত্রের কোন পাতা বা কভার পৃষ্ঠা পরিবর্তন করা/কভার পৃষ্ঠায় উল্লিখিত তথ্য ছাড়া অন্য কোন প্রকার তথ্য প্রদান বা উত্তরপত্রের কোথাও নিজের পরিচয় প্রদান করা;

xiii) উত্তরপত্রের সাথে সম্পর্ক বিবর্জিত কোন আপত্তিমূলক কথা লেখা/অযৌক্তিক মন্তব্য করা/কোনরূপ অনুরোধ করা বা প্রলোভন দেখানো/উত্তরপত্রের মধ্যে টাকা রাখা;

xiv) পরিদর্শকের নিকট উত্তরপত্র জমা না দিয়ে পরীক্ষা কক্ষ ত্যাগ করা, পরিদর্শক কর্তৃক চাওয়া মাত্র দুষণীয় কাগজপত্র তাঁর নিকট হস্তান্তর না করে বাইরে ফেলে দেয়া/ফেলে দেয়ার চেষ্টা করা/গিলে ফেলা;

xv) উদ্দেশ্য প্রণোদিত হয়ে উত্তরপত্র বা প্রশ্নপত্র বিনষ্ট করা/ছিঁড়ে ফেলা এবং/অথবা দুষণীয় কাগজ/দ্রব্যাদি এবং উত্তরপত্র ও শিক্ষার্থী কার্ড প্রভৃতি যথাযথ কর্তৃপক্ষের নিকট হস্তান্তরে অস্বীকৃতি জানানো/বাধার সৃষ্টি করা;

xvi) জোরে স্বগতোক্তি করা বা কোনরূপ উচ্চশব্দ করা/ইচ্ছাকৃতভাবে অন্য পরীক্ষার্থীদের বিরক্তি উৎপাদন করা বা কোন অসুবিধা সৃষ্টি করা;

xvii) পরীক্ষা কক্ষে সরবরাহকৃত উত্তরপত্র ছাড়া অন্য কোথাও প্রশ্নোত্তর লেখা/অন্য পরীক্ষার্থীর উত্তরপত্র দেখে নকল করা;

xviii) মিথ্যা পরিচয় প্রদান করে অবৈধভাবে পরীক্ষায় অংশ গ্রহণ করা;

xix) মিথ্যা কথা বলে বা অজুহাত প্রদর্শন করে বিশেষ সুবিধা গ্রহণ করা/গ্রহণের চেষ্টা করা;

xx) পরীক্ষা কেন্দ্রের আসবাবপত্র ভাঙ্গচুর করা/অগ্নিসংযোগ করা/পরীক্ষার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তার গাড়ির ক্ষতি সাধন করা;

xxi) পরীক্ষা চলাকালীন পরীক্ষা কক্ষে/পরীক্ষা কেন্দ্র চত্বরে/পরীক্ষা কেন্দ্রের বাইরে বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি/স্থানীয় প্রশাসনের কর্মকর্তা/পরীক্ষা পরিচালনার সাথে জড়িত কোন ব্যক্তির সাথে দুর্ব্যবহার করা/তাকে দৈহিক আক্রমন করা;

xxii) পরীক্ষার সাথে সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিবর্গকে বিশেষ কোন পরীক্ষার্থীর পরীক্ষা গ্রহণ/ফলাফলের বিষয়ে প্রভাবান্বিত করার চেষ্টা;

xxiii) বিশ্ববিদ্যালয়ের শৃংখলা কমিটির বিবেচনায় পরীক্ষা সংক্রান্ত অপরাধ হিসেবে পরিগণিত যে কোন আচরণ বা কর্মকান্ড করা।

৬। শ্রুতি লেখক নিয়োগ

অসুস্থ কিংবা দুর্ঘটনা কবলিত হওয়ার কারণে লিখতে অক্ষম কোনো পরীক্ষার্থী সে মর্মে ডাক্তারের সার্টিফিকেট দাখিল সাপেক্ষে পরীক্ষার কক্ষে শ্রুতি লেখক (**Amanuensis**) -এর মাধ্যমে উত্তরপত্র লেখাতে পারবে। এ ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পূর্বানুমতি নিতে হবে। এ ধরনের পরীক্ষার্থীকে অতিরিক্ত ২০ মিনিট সময় প্রদান করা যাবে।

৭। উত্তরপত্র ও অন্যান্য কাগজপত্র প্রেরণ

ক) ব্যবহৃত উত্তরপত্র **"পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫"** বরাবর প্রেরণের জন্য পরীক্ষা বিভাগ কর্তৃক সরবরাহকৃত টপশীট ব্যবহার করতে হবে। একই সাথে একাধিক ব্যাচের পরীক্ষা অনুষ্ঠিত হলে টপসীটে পরীক্ষার্থীদের শিক্ষার্থী নম্বর ব্যাচ ভিত্তিক অনুচ্ছেদ করে লিখতে হবে। **প্রতিটি পরীক্ষার জন্য টপশীটের যথাস্থানে উপস্থিত, অনুপস্থিত ও বহিস্কৃত পরীক্ষার্থীদের শিক্ষার্থী নম্বর লিখতে হবে।** শিক্ষার্থী নম্বর লেখার ক্ষেত্রে প্রথম শিক্ষার্থী নম্বরটি পূর্ণভাবে লিখে পরবর্তীগুলো শিক্ষার্থী নম্বরের শেষ তিন অঙ্ক লিখতে হবে। টপশিটের যথাস্থানে সদস্য সচিব স্বাক্ষর করবেন;

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

পরীক্ষা বিভাগ
EXAMINATION DIVISION

খ) ব্যবহৃত উত্তরপত্রগুলো শিক্ষার্থী নম্বরের ক্রমানুসারে সাজিয়ে চিফ ইনভিজিলেটরের তত্ত্বাবধানে হাজিরাপত্রের সাথে মিলিয়ে অনুর্ধ ১০০ (একশত) টি করে সুতা দিয়ে বেধে প্রথমে কাগজের প্যাকেট করতে হবে এবং প্রতি প্যাকেটের ভিতরে ১ কপি টপসীট ও ১ কপি প্রশ্নপত্র দিতে হবে। তারপর কাপড় দিয়ে প্যাকেট করে প্যাকেটের উপরে পরীক্ষা বিভাগ কর্তৃক সরবরাহকৃত নমুনা অনুযায়ী **Outer Lebel** আঠা দিয়ে লাগিয়ে অথবা অমোচনীয় কালি দিয়ে অনুরূপ লিখে প্যাকেটটি গালাসীল করে বীমাকৃত ডাকযোগে **"পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫"** বরাবর প্রেরণ করতে হবে;

গ) **বহিস্কৃত উত্তরপত্র আলাদা প্যাকেট করে পাঠাতে হবে এবং প্যাকেটের বাম পার্শ্বে বহিস্কৃত শব্দটি স্পষ্ট করে লিখে দিতে হবে। কোন ক্রমেই সাধারণ উত্তরপত্রের প্যাকেটের মধ্যে বহিস্কৃতদের উত্তরপত্র পাঠানো যাবে না;**

ঘ) পরীক্ষা গ্রহণের দিনেই উত্তরপত্রের গালাসীলকৃত প্যাকেট পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর প্রেরণ করতে হবে। কোন কারণে যদি প্রেরণ করা সম্ভব না হয়, তবে তা নিকটস্থ জেলা ট্রেজারী/থানা লকারে নিরাপদ হেফাজতে রাখার ব্যবস্থা করতে হবে এবং পরবর্তী কার্যদিবসেই প্রেরণ করতে হবে।

ঙ) গোপনীয় রিপোর্ট ফরম ব্যবহার করতে হলে (প্রযোজ্য ক্ষেত্রে) ফরমের প্রতিটি তথ্য যথাযথভাবে অবশ্যই স্পষ্টাক্ষরে পূরণ করতে হবে;

চ) পরীক্ষা শেষে প্রতিটি পরীক্ষার হাজিরাশিটের ফটোকপি কেন্দ্রে সংরক্ষণ করতে হবে এবং মূল কপি সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে।

৮। চিফ ইনভিজিলেটর পরীক্ষা শেষ হওয়ার পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে নিম্নলিখিত কাগজ/দ্রব্যাদি পরীক্ষা নিয়ন্ত্রক, বাউবি বরাবর জমা দেয়ার ব্যবস্থা নিবেন :

ক) অব্যবহৃত উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য দ্রব্যাদির হিসাবসহ ফেরতযোগ্য দ্রব্যাদির বিস্তারিত বিবরণ;

খ) প্রতিটি বিষয়ের একটি করে স্পষ্ট টপশীট;

গ) পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে মর্মে ভারপ্রাপ্ত কর্মকর্তার একটি প্রত্যয়নপত্র;

ঘ) পরীক্ষার্থীদের নিকট থেকে গৃহীত মুচলেকা বা সনাক্তকরণ পত্রাদি (যদি থাকে);

ঙ) উত্তরপত্রে স্বাক্ষরকারী পরিদর্শকগণের নাম, ঠিকানা ও নমুনা স্বাক্ষর;

চ) পরীক্ষা সংক্রান্ত অপরাধে অভিযুক্ত পরীক্ষার্থীদের তালিকা, অপরাধের বিবরণ ও প্রমাণ (প্রযোজ্য ক্ষেত্রে);

উপরে বর্ণিত পরীক্ষা সংক্রান্ত কাগজপত্র এবং প্রশ্নপত্রের ট্রাঙ্ক পরীক্ষা নিয়ন্ত্রক বরাবরে প্রেরণ করতে হবে। কোন অবস্থাতেই উল্লেখিত দ্রব্যাদি স্টীমার বা রেলওয়ের মাধ্যমে প্রেরণ করা যাবে না।

পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ উন্মুক্ত
বিশ্ববিদ্যালয়
বোর্ডবাজার, গাজীপুর।